# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৬৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. জুমু’আর সালাত - জুমু’আর জন্য (মুসল্লীর) সংখ্যা (অধিক হওয়া) শর্ত

আরবী

وَعَنْ جَابِرٍ ـ رضي الله عنه ـ قَالَ: مَضَتِ السُّنَّةُ أَنَّ فِي كُلِّ أَرْبَعِينَ فَصَاعِدًا جُمُعَةً. رَوَاهُ الدَّارَقُطْنِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ

موضوع. رواه الدارقطني (2/ 3 ـ 4/ 1) وفي سنده عبد العزيز بن عبد الرحمن القرشي، قال عنه ابن حبان في «المجروحين» (2/ 138): «يأتي بالمقلوبات عن الثقات فيكثر، والملزقات بالأثبات فيفحش، لا يحل الاحتجاج به بحال». كما أنه أورد له هذا الحديث أيضا في ترجمته. وبذلك تعرف أن قول الحافظ: بإسناد ضعيف فيه تسامح

বাংলা

৪৬৭। জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, চল্লিশ বা ততোধিক মুসল্লির জন্য জুমু'আহর সালাত (জামা’আতে) পড়া সিদ্ধ। —দারাকুৎনী দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] ইমাম সনয়ানী তাঁর সুবুলুস সালাম ২/৮৯ গ্রন্থে বলেন, এ হাদীসের সানাদে আব্দুল আযীয বিন আব্দুর রহমান রয়েছে। ইমাম আহমাদ তাঁর সম্পর্কে বলেন, সে হাদীস বর্ণনা করতে উল্টা-পাল্টা করত সেই হাদীসগুলো হয় মিথ্যা না হয় বানোয়াট। দারাকুতনী বলেন, সে মুনকারুল হাদীস। ইমাম যাহাবী তানকীহুত তাহকীক (১/২৭৭) গ্রন্থে উক্ত রাবী সম্পর্কে বলেন, মুহাদ্দিসগণ তাকে পরিত্যাগ করেছেন। ইমাদুদ্দীন ইবনু কাসির তাঁর ইরশাদুল ফকীহ ইলা মারিফতি আদিল্লাতিত তানাবীহ (১/১৯৪) গ্রন্থেও উক্ত রাবীকে মাতরূক বলে আখ্যায়িত করেছেন।

ইবনু উসাইমীন তাঁর আশ-শারহুল মুমতে’ (৫/৩৮ গ্রন্থে বলেন, হাদীসটি বিশুদ্ধ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70278

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন